# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং : ১১২৬/ক/অনুঃ/২০২৩/৬৫৯

তারিখ : ০৬/০৫/২০২৪

বিষয় : ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর ১৪/০৩/২০২৪ তারিখের ৫ম মঞ্জুরী কমিটির সভার সিদ্ধান্ত এবং ০৪/০৪/২০২৪ তারিখের ২৩০ তম বোর্ড সভার অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ আলহাজ্ব ফজলুল হক গার্লস হাই স্কুল এন্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ-এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। **এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।**

| শাখাসমূহ | আবশ্যিক | বিজ্ঞান শাখা | মানবিক শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
|---|---|---|---|---|
| (১) বিজ্ঞান<br>(২) মানবিক<br>(৩) ব্যবসায় শিক্ষা | (১) বাংলা<br>(২) ইংরেজি<br>(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | (১) পদার্থ বিজ্ঞান<br>(২) রসায়ন<br>(৩) জীব বিজ্ঞান<br>(৪) উচ্চতর গণিত | (১) সমাজ কর্ম<br>(২) পৌরনীতি ও সুশাসন<br>(৩) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>(৪) গার্হস্থ্য বিজ্ঞান | (১) হিসাব বিজ্ঞান<br>(২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>(৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন<br>(৪) ফিন্যান্স ব্যাংকিং ও বিমা |

শর্তসমূহ :

১। এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে ;

২। সাধারণ তহবিলে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) এবং সংরক্ষিত তহবিলে ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা স্থিতি থাকতে হবে। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না ;

৩। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে ;

৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না ;

৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না। কলেজের নিজস্ব জমি থাকতে হবে। উক্ত জমি কলেজের নামে নামজারি ও খারিজ খতিয়ান হালসন নাগাদ খাজনা পরিশোধ করতে হবে;

৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে ;

৭। কোন শর্ত প্রতিপালনের ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে ;

৮। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে ;

৯। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে ;

১০। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে;

১১। কলেজের জন্য বিধি মোতাবেক কমিটি গঠন করে যথাসময়ে অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে;

১২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ যথাযথভাবে অনুসরণ করতে হবে। মেয়াদ উত্তীর্নের ০৩ (তিন) মাস পূর্বে নিয়মিত গভর্নিং বডি গঠন করতে হবে।

১৩। অতিসত্বর কোড নম্বর সংগ্রহের জন্য আবেদন করতে হবে ;

১৪। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক : ৫০ জন, ব্যবসায় শিক্ষা : ৫০ জন, বিজ্ঞান : ৫০ জন, শিফ্‌ট : দিবা, ভার্সন : বাংলা, সহশিক্ষা ;

১৫। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;

(খ) পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে ১ম অস্থায়ী স্বীকৃতির জন্য আবেদন করতে হবে;

(গ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;

(ঘ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ ;

১৬। ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকণে ক্ষেত্রে মন্ত্রণায়ের ২৩-০৭-২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে উচ্চমাধ্যমিক স্তরের জন্য ২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা যৌথনামে (১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/গভর্নিং বডির সভাপতি; ২) জেলা শিক্ষা অফিসার) প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে,যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।

১৭। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা - ২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে ; এবং

১৮। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে;

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বঃ

**প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁঞা**
কলেজ পরিদর্শক (অতিঃ দাঃ) ও বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ
আলহাজ্ব ফজলুল হক গার্লস হাই স্কুল এন্ড কলেজ
বন্দর, নারায়ণগঞ্জ।

মেমো নং : ৬৫৯

তারিখ : ০৬/০৫/২০২৪

<u>অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা ;

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ;

৪। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;

৬। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ;

৭। সভাপতি, গভর্ণিং বডি, আলহাজ্ব ফজলুল হক গার্লস হাই স্কুল এন্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ।

৮। অফিস কপি।

০৬/০৫/২০২৪

কলেজ পরিদর্শক (অতিঃ দাঃ) ও বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা